

বন্যার সময় করণীয়

১. যথা সম্ভব উঁচু জায়গায় বাড়ি তৈরি করা।
২. বাড়ি নিচু থাকলে মাটি কেটে ভিটা উঁচু করা। (গত বন্যার উচ্চতা এবং আগাম বন্যার সম্ভাব্য উচ্চতা মাথায় রেখে)
৩. বাড়ির চারপাশে গাছ লাগানো।
৪. বাড়ির চারপাশে ঢেউ প্রতিরোধ করার জন্য ঢোলকলমি, কাশিয়া, দুর্বাঘাস ও অন্যান্য ভাঙ্গন প্রতিরোধক গাছ
৫. বন্যার আগে ঘরের বেড়া ও চালা শক্ত মজবুত করা।
৬. বন্যার জন্য ঘরে অবশ্যই অন্যান্য খাদ্য শস্যের পাশাপাশি কিছু শুকনা খাবার রাখা। যেমনঃ- চাল, ডাল, গুড়, মুড়ি, আটা, ছাতু ইত্যাদি। শিশুদের জন্য বিস্কুট, গুড়া দুধ ইত্যাদি।
৭. বন্যার সময় তিন বেলা রান্না করা প্রায় অসম্ভব। যে কারণে নিয়মিত খাদ্যাভ্যাস পরিবর্তন করে দিনে একবার রান্না করে সারাদিন খাওয়া, প্রয়োজনে কম পরিমাণে খাওয়া। (শুধুমাত্র বড়দের জন্য প্রযোজ্য)
৮. বস্তা, মাটির পাতিল, কলসি, ডাবর বা জালা, ব্যাগ ইত্যাদিতে জরুরি খাদ্য সংরক্ষণ করা যায়। লক্ষ্য রাখতে হবে যাতে বন্যার পানি উঠে খাদ্যগুলো নষ্ট না করে।